# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
# মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
www.mofl.gov.bd

**বিষয়ঃ** মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবাসমূহ চালুকরণ এবং এ সংক্রান্ত প্রত্যয়ন।

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত এবং চালুকৃত সেবাসমূহ নিম্নরুপঃ

| ক্রমিক নং | ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম | সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | সেবা/আইডিয়াটি কার্যকর আছে কি-না/ না থাকলে কারণ | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না | বাস্তবায়ন কাল (অর্থবছর) | সেবার লিংক | চালুকৃত অবস্থা |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ১. | DIGITAL MoFL (উদ্ভাবনী ধারণা) | মন্ত্রণালয়ের দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে এবং সঠিক সময়ে সম্পন্ন করার জন্য বিভিন্ন তথ্যের প্রয়োজন হয়। সকল তথ্যসমূহ একই প্ল্যাটফর্মে পাওয়া যায় না। মোবাইল অ্যাপস এবং সার্ভিসগুলোর লিংক খুজে পেতে অনেক সমস্যা হয় এবং অনেকক্ষেত্রে পাওয়া যায় না। ফলশ্রুতিতে মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা/কর্মচারীদের কম্পিউটারে আলাদা আলাদাভাবে বুকমার্ক করে দিতে হয়। অত্র মন্ত্রণালয়ের সকল ডিজিটাল সেবাসমূহ একত্রে না থাকায় মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা কর্মচারীসহ সিটিজেনদের ভোগান্তি পোহাতে হয়। ক্ষেত্রবিশেষে আইসিটি পার্সনালদের সহযোগিতা প্রয়োজন হয়। উল্লিখিত সমস্যার ফলে অনেক সময়ক্ষেপণ হয় এবং দাপ্তরিক কাজ বিঘ্নিত হয়। সকল সার্ভিসসমূহ, সিটিজেন সেবাসমূহের তথ্য, মোবাইল অ্যাপসসমূহ এবং দাপ্তরিক কাজে ব্যবহৃত সকল ওয়েব পোর্টালগুলো বুকমার্ক হিসেবে এক প্ল্যাটফর্মে নিয়ে আসার জন্য এই উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন করা হয়েছে। | সেবাটি কার্যকর আছে। | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছেন। | ২০২১-২২ | http://114.130.119.251:3107/ OR https://rebrand.ly/kyx1ny7 | চালু রয়েছে |
| ২. | অনলাইন ছুটি ব্যবস্থাপনা (ডিজিটাল সেবা) | "অনলাইন ছুটি ব্যবস্থাপনা" ডিজিটাল সেবার মাধ্যমে যে কোন উপজেলা, জেলা, বিভাগসহ মন্ত্রনালয়ের আওতাধীন অধিদপ্তর / দপ্তর / সংস্থা এবং | সেবাটি কার্যকর আছে। | সেবা গ্রহীতাগণ | ২০২১-২২ | http://114.130.119. | চালু রয়েছে |

| ক্রমিক নং | ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম | সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | সেবা/আইডিয়াটি কার্যকর আছে কি-না/ না থাকলে কারণ | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না | বাস্তবায়ন কাল (অর্থবছর) | সেবার লিংক | চালুকৃত অবস্থা |
|---|---|---|---|---|---|---|---|
| | | মন্ত্রণালয় পর্যায়ের কর্মকর্তাগণ বিভিন্ন ধরণের ছুটির আবেদন করতে পারবে। সিস্টেমের মাধ্যমে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে উক্ত সিস্টেমেই ছুটির প্রত্যাশী ছুটি মঞ্জুর সংক্রান্ত সেবা পাবে। এছাড়া, "অনলাইন ছুটি ব্যবস্থাপনা" সেবাটির একটি ডাইনামিক ড্যাশবোর্ড রয়েছে যার মাধ্যমে যেকোন ব্যবহারকারী তাঁর ড্যাশবোর্ড দেখতে পাবে এবং প্রয়োজনে বিভিন্ন তথ্য অনুসন্ধান করা যাবে। ফলশ্রুতিতে, ছুটি সেবা কার্যক্রম সহজে, স্বল্প সময়ে এবং ডিজিটালি ব্যবস্থাপনা ও সম্পাদনা করা যাবে। "অনলাইন ছুটি ব্যবস্থাপনা" ডিজিটাল সেবাটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে (www.mofl.gov.bd) ই-সার্ভিস মেন্যুতে সংযুক্ত ছবি মোতাবেক পাওয়া যাবে এবং নির্ধারিত মেনুতে ক্লিক করে সিস্টেমে প্রবেশ ও ছুটি সংক্রান্ত কার্যক্রম সম্পন্ন করা যাবে। | | প্রত্যাশিত ফলাফল পাচ্ছেন। | | 251:3105 / OR https://rebrand.ly/8pqk9wt | |
| ৩. | পিআরএল, লামগ্রান্ট, পেনশন ও আনুতোষিক মঞ্জুর (সেবা সহজিকরণ) | নির্দিষ্ট চাকরি জীবনের পর সরকারি কর্মকর্তা / কর্মচারীগণের প্রাপ্য পিআরএল, লামগ্রান্ট, অবসর সুবিধাসহ আনুতোষিক মঞ্জুরির জন্য সেবা সহজিকরণের মাধ্যমে পেনশন কেস দ্রুত নিষ্পত্তির জন্য প্রক্রিয়াটি সম্পূর্ণরূপে অনলাইনে নিষ্পত্তি করা আবশ্যক। এতে বয়স্ক সরকারি চাকুরিজীবীদের ভোগান্তি কমবে। দ্রুত সেবা পাওয়া যাবে। সরকারি অর্থের সাশ্রয় হবে। | সেবাটি কার্যকর আছে। | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছেন। | ২০২০-২১ | প্রযোজ্য নয় | চালু রয়েছে |
| ৪. | সম্মেলন কক্ষ বুকিং সিস্টেম (ডিজিটাল সেবা) | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ে ব্যবহারের জন্য "কনফারেন্স রুম বুকিং সিস্টেম" নামক একটি ডিজিটাল ডিজিটাল সিষ্টেম চালু করা হয়েছে। উক্ত ডিজিটাল সিস্টেমের মাধ্যমে সভা / সেমিনার / ওয়ার্কশপ ইত্যাদি অনুষ্ঠান সম্মেলন কক্ষে করা জন্য দেওয়া যাবে। মন্ত্রণালয়ের ওয়েবসাইটের সাথে (www.mofl.gov.bd) লিংকৃত ফর্ম পুরনের মাধ্যমে কনফারেন্স রুম বুকিং কার্যক্রম সম্পন্ন করা যাবে। এছাড়া, বর্তমানে কনফারেন্স রুমটি কত তারিখে, কয় ঘটিকায় কোন অনুষ্ঠানের জন্য বুকিং দেওয়া আছে তা দেখার সুযোগ রয়েছে এবং বুকিংসমূহ দেখা যাবে – মন্ত্রণালয়ের ওয়েবসাইটের মাধ্যমে (www.mofl.gov.bd)। উল্লেখ্য, | সেবাটি কার্যকর আছে। | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছেন। | ২০১৯-২০ | https://t.ly/5H9Sz https://t.ly/WPFX | চালু রয়েছে |

| ক্রমিক নং | ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম | সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | সেবা/আইডিয়াটি কার্যকর আছে কি-না/ না থাকলে কারণ | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না | বাস্তবায়ন কাল (অর্থবছর) | সেবার লিংক | চালুকৃত অবস্থা |
|---|---|---|---|---|---|---|---|
| | | মন্ত্রণালয়ের ওয়েবসাইট হতে ই-সার্ভিস মেন্যুর "সম্মেলন কক্ষ বুকিং দিন" এবং "সম্মেলন কক্ষে অনুষ্ঠানের সময়সূচী" সাব-মেন্যুতে ক্লিক করেও উল্লেখিত কার্যক্রম সম্পাদন করা যাবে। | | | | | |
| ৫. | ফোকাল পয়েন্ট ডাটাবেজ (ডিজিটাল সেবা) | ফোকাল পয়েন্ট তালিকা হালনাগাদ করার জন্য এবং নতুন ফোকাল পয়েন্ট কর্মকর্তার তালিকা সন্নিবেশ করার জন্য মৎস্য ও প্রানিসম্পদ মন্ত্রণালয়ে ফোকাল পয়েন্ট এন্ট্রি নামক নতুন একটি ডিজিটাল সেবা চালু করা হয়েছে। ফলে ফোকাল পয়েন্ট কর্মকর্তার তথ্য সহজেই সন্নিবেশ এবং হালনাগাদ করা যাচ্ছে। | সেবাটি কার্যকর আছে। | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছেন। | ২০১৮-১৯ | https://t.ly/zSHKS<br><br>https://t.ly/BM5ZO | চালু রয়েছে |

এই মর্মে প্রত্যয়ন করা যাচ্ছে যে, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবাসমূহ চালু রয়েছে।

৩০/০৪/২০২৩

৩০/০৪/২০২৩

মোঃ তোফাজ্জেল হোসেন
অতিরিক্ত সচিব ও চীফ ইনোভেশন অফিসার
addlsec_planning@mofl.gov.bd
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়